বাংলাদেশ গ্যাস ফিল্ডস্‌ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
সাধারণ প্রশাসন শাখা

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৩২.৩৩.০০১.২২.০৭১

তারিখ: ৫ মাঘ ১৪২৮
১৯ জানুয়ারি ২০২২

বিষয়: **নৈতিকতা কমিটির সভা।**

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্‌ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল)-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ)-এর সভা ২৪.০১.২০২২ তারিখ, সোমবার, বিকাল ৩.০০ ঘটিকায় কোম্পানির প্রধান কার্যালয়স্থ মিটিং রুমে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় নৈতিকতা কমিটির সকল সদস্য-কে যথা সময়ে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯-১-২০২২
মোহাম্মদ জোয়াদ আলী
ব্যবস্থাপক (প্রশাসন) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল

সকল সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৩২.৩৩.০০১.২২.০৭১/১(৯)

তারিখ: ৫ মাঘ ১৪২৮
১৯ জানুয়ারি ২০২২

অনুলিপিঃ
১) মহাব্যবস্থাপক (সকল), বিজিএফসিএল।
২) ব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস)-(যথা সময়ে মিটিং রুম প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

১৯-১-২০২২
মোহাম্মদ জোয়াদ আলী
ব্যবস্থাপক (প্রশাসন) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
সাধারণ প্রশাসন শাখা

বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২২) সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আমীর ফয়সাল মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল
সভার তারিখ	২৪.০১.২০২২
সভার সময়	বিকাল ৩:০০ ঘটিকা
স্থান	মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া
উপস্থিতি	উপস্থিতি তালিকা সংযুক্ত

২৪.০১.২০২২ তারিখে কোম্পানির নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২২) সভা কোম্পানির মিটিং রুমে কমিটির সভাপতি, জনাব মোঃ আমীর ফয়সাল, মহাব্যবস্থাপক(টেকনিক্যাল সার্ভিসেস)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ৩য় কোয়ার্টারের কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণসহ নৈতিকতা কমিটির সদস্যগণ সভায় অংশগ্রহণ করেন। সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

১.০আলোচনা

১.১।কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের ৩য় (জানুয়ারি-মার্চ, ২০২২) কোয়ার্টারে ‘সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা’ আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এতদ্বিষয়ে সভায় বিষদ আলোচনা হয়। উপস্থিত কমিটির সদস্যগণ তাদের মতামত ব্যক্ত করেন এবং সিদ্ধান্ত গৃহিত হয় যে, অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভাটি মার্চ, ২০২২ এ আয়োজন করা যেতে পারে।

১.২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ৩য় (জানুয়ারি-মার্চ, ২০২২) কোয়ার্টারে ২০ জন জনবলের সমন্বয়ে ‘শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ’ এর লক্ষ্যমাত্রা কমিটির সদস্য-সচিব সভায় উত্থাপন করেন। প্রশিক্ষণ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক(মানবসম্পদ), জনাব মোঃ বিল্লাল হোসেন সভাকে অবহিত করেন যে, মানবসম্পদ বিভাগ বর্ণিত প্রশিক্ষণটি ফেব্রুয়ারি, ২০২২ এ বাস্তবায়ন করবে।

১.৩ সভায় কমিটির সদস্য-সচিব অবহিত করেন যে, চলতি অর্থবছরের ৩য় (জানুয়ারি-মার্চ, ২০২২) কোয়ার্টারে ৬ বার (প্রতি মাসে ন্যূনতম ২ বার) করে ‘কোম্পানির আবাসিক এলাকায় মশা নিধনকল্পে ফগার মেশিনের মাধ্যমে ঔষধ প্রয়োগ’ এর লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এতদ্বিষয়ে কার্য বাস্তবায়নকারী কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক (সার্ভিসেস), জনাব মোঃ ছায়েদুর রহমান-কে দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে অবহিত করেন যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী ফগার মেশিনের মাধ্যমে কোম্পানির আবাসিক এলাকার মশা নিধনকল্পে ঔষধ প্রয়োগ চলমান আছে এবং ৩য় (জানুয়ারি-মার্চ, ২০২২) কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী কোম্পানির আবাসিক এলাকায় মশা নিধনকল্পে ফগার মেশিনের মাধ্যমে যথারীতি ঔষধ প্রয়োগ করা হবে।

১.৪। সভায় কমিটির সদস্য-সচিব আরো অবহিত করেন যে, চলতি অর্থবছরের ৩য় (জানুয়ারি-মার্চ, ২০২২) কোয়ার্টারে

অকেজো মালামাল বিনষ্টকরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। সভায় উপস্থিত অকেজো মালামাল বিনষ্টকরণ বাস্তবায়নকারী কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক (তিতাস ফিল্ড-দক্ষিণ), জনাব মোঃ জাকির হোসেন তরফদার সভাকে অবহিত করেন যে, মার্চ, ২০২২ এর মধ্যে অকেজো মালামাল বিনষ্টকরণের কার্য বাস্তবায়ন করা হবে।

১.৫। সভাকে এই মর্মে অবহিত করা হয় যে, চলতি অর্থবছরের ৩য় (জানুয়ারি-মার্চ, ২০২২) কোয়ার্টারে কর্মকর্তা ও কর্মচারীগণকে নোটিফিকেশনের মাধ্যমে পানি ও বিদ্যুৎ সাশ্রয়ে উদ্বুদ্ধকরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এতদ্‌বিষয়ে কার্য বাস্তবায়নকারী কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক (সার্ভিসেস), জনাব মোঃ ছায়েদুর রহমান সভাকে অবহিত করেন যে, সার্ভিসেস বিভাগ মার্চ, ২০২২ এর মধ্যে কর্মকর্তা ও কর্মচারীগণকে নোটিফিকেশনের মাধ্যমে পানি ও বিদ্যুৎ সাশ্রয়ে উদ্বুদ্ধকরণের কার্য বাস্তবায়ন করবে।

২.০**সিদ্ধান্ত:**

২.১। অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা মার্চ, ২০২২ এ আয়োজন করতে হবে।

২.২। মানবসম্পদ বিভাগ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর আওতায় ৩য় (জানুয়ারি-মার্চ, ২০২২) কোয়ার্টারে ন্যনতম ২০ জন জনবলের সমন্বয়ে ‘শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ’ ফেব্রুয়ারি, ২০২২ এ আয়োজন করবে।

২.৩। সার্ভিসেস বিভাগ চলতি অর্থবছরের ৩য় (জানুয়ারি-মার্চ, ২০২২) কোয়ার্টারে ন্যনতম ৬ বার (প্রতি মাসে নূনতম ২ বার) করে কোম্পানির আবাসিক এলাকায় মশা নিধনকল্পে ফগার মেশিনের মাধ্যমে ঔষধ প্রয়োগ করবে।

২.৪। উপ-মহাব্যবস্থাপক (তিতাস ফিল্ড-দক্ষিণ) মার্চ, ২০২২ এর মধ্যে অকেজো মালামাল বিনষ্টকরণের কার্য বাস্তবায়ন করবেন।

২.৫। সার্ভিসেস বিভাগ মার্চ, ২০২২ এর মধ্যে কর্মকর্তা ও কর্মচারীগণকে নোটিফিকেশনের মাধ্যমে পানি ও বিদ্যুৎ সাশ্রয়ে উদ্বুদ্ধকরণের কার্য বাস্তবায়ন করবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আমীর ফয়সাল
মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও
সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৩২.৩৩.০০১.২২.১১৫

তারিখ: ১৬ মাঘ ১৪২৮
৩০ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা।

২) সকল সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

৩) উপ-মহাব্যবস্থাপক (সার্ভিসেস), বিজিএফসিএল

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

প্রধান কার্যালয়, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।

বিষয় : নৈতিকতা কমিটির সভা

তারিখ: ২৪.০১.২০২২

ক্রমিক নং	নাম ও পদবি	স্বাক্ষর
১	মোঃ আমীর ফয়সাল মহাব্যবস্থাপক(টেকনিক্যাল সার্ভিসেস) ও সভাপতি নৈতিকতা কমিটি, বিজিএফসিএল	24/1/22
২	মোঃ জাকির হোসেন তরফদার উপ-মহাব্যবস্থাপক(তিতাস ফিল্ড-দক্ষিণ) ও সদস্য নৈতিকতা কমিটি, বিজিএফসিএল	24.01.22
৩	মোঃ আমান উল্লাহ বাহার উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল) ও সদস্য নৈতিকতা কমিটি, বিজিএফসিএল	24.01.2022
৪	কার্ত্তিক চন্দ্র ঘোষ উপ-মহাব্যবস্থাপক(এনভায়রনমেন্ট এন্ড সেফটি) ও সদস্য নৈতিকতা কমিটি, বিজিএফসিএল	24.01.2022.
৫	মোঃ কামরুজ্জামান উপ-মহাব্যবস্থাপক(ফান্ড) ও সদস্য নৈতিকতা কমিটি, বিজিএফসিএল	
৬	মোঃ ছায়েদুর রহমান উপ-মহাব্যবস্থাপক (সার্ভিসেস)	24/1/22
৭	মোঃ বিল্লাল হোসেন উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ)	24.01.2022
৮	আবদুর রাজ্জাক খান উপ-মহাব্যবস্থাপক(ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) ও সদস্য নৈতিকতা কমিটি, বিজিএফসিএল	24.01.2022
৯	মোহাম্মদ জোয়াদ আলী ব্যবস্থাপক(প্রশাসন) ও সদস্য-সচিব নৈতিকতা কমিটি, বিজিএফসিএল	24/01/22
১০	মোঃ আরিফুর রহমান ব্যবস্থাপক(ট্রান্সপোর্ট)	24.01.22
১১	মোঃ আব্দুর রফিক প্রামানিক উপ-মহাব্যবস্থাপক (পিজিএমএম) ও সদস্য নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	24.01.22